

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
মুকসেদপুর, কিশোরগঞ্জ।

সদর দপ্তর-প্রশাসন বিভাগ
ফোন-০৯৪১-৬২৯৩৭, ৬২০২৫
Website: pbs.kishoreganj.gov.bd
ই-মেইল-kishpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৮৪৯.৫৩৪.০১.০১৬.১৯. ৫৭০৪

তাং-০১/০৯/২০১৯খ্রিঃ

বিষয়ঃ-লাইনম্যান টুলস সরবরাহের দরপত্র (RFQ)।

নিম্নের বর্ণনা অনুযায়ী লাইনম্যান টুলস সরবরাহের জন্য কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত প্রতিষ্ঠিত ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যবসায়ী/ ঠিকাদারগণের নিকট হইতে নিজস্ব লেটারহেড প্যাডে ফরোয়ার্ডিংসহ সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত মূল্য	
			একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
১.	টিএল-১০১ বডি বেল্ট	১৫টি		
২.	টিএল-১০২ সেফটি বেল্ট	১৫টি		
৩.	টিএল-২০৫ ক্লাইম্বার সেট	১৫টি		
৪.	টিএল-১০৬ টুলস ক্যারিং ব্যাগ	১৫টি		
৫.	টিএল-১০৯ সেফটি ক্যাপ	২০টি		
সর্বমোট				

কথায়.....

শর্তাবলীঃ-

১. দরপত্র (RFQ) আগামী ১০/০৯/২০১৯খ্রিঃ তারিখ বেলা ১২ঃ০০ ঘটিকার মধ্যে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, মুকসেদপুর, কিশোরগঞ্জ অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান করিতে হইবে। দরপত্র সমূহ ঐদিনই বেলা ১২ঃ৩০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
২. দরপত্রের উদ্ধৃত একক দর এবং মোট দর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ ওভাররাইটিং গ্রহনযোগ্য হইবে না। দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকিলে সর্বক্ষেত্রে একক দর গ্রহনযোগ্য দর হিসাবে বিবেচনা করা হইবে। দরপত্র সঠিকভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করিতে হইবে।
৩. বর্ণিত মালামাল এর নমুনা যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে পবিস সদর দপ্তর হইতে দেখা যাইবে।
৪. সর্বনিম্ন ও রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে বর্ণিত মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হইবে। কার্যাদেশ প্রাপ্ত মালামাল এর গুণগত মান সন্তোষজনক না হইলে কোন অবস্থাতেই তাহা গ্রহনযোগ্য হইবে না।
৫. দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর ক্লিয়ারেন্স সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, ব্যাংক সলভেন্সী ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে।
৬. দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “লাইনম্যান টুলস সরবরাহের দরপত্র” কথাটি লিখিতে হইবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।
৭. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে সমিতির সদর দপ্তরে বিল চালানসহ মালামাল সরবরাহ করিতে হইবে। সরবরাহকৃত মালামালের গুণগত মান (স্পেশিফিকেশন ও নমুনা মোতাবেক)/ Post Delivery Inspection সন্তোষজনক হওয়া সাপেক্ষে উপস্থাপিত বিল একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করা হইবে।

৮. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে যথাসময়ে মালামাল সরবরাহ করিতে ব্যর্থ হইলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের উপর ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হইতে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হইবে না।
৯. কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম/বেশী করার সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১০. সরকারী নিয়মানুযায়ী ড্যাট /আয়কর কর্তন করা হইবে।
১১. কোনরূপ কারণ দর্শানো প্রদর্শন ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। শর্তাবলীতে উল্লেখ করা হয় নাই এমন যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১৫৭


(মোঃ মনির উদ্দিন মজুমদার)
জেনারেল ম্যানেজার

বিভাগীয় অনুলিপিঃ- (বহুল প্রচারের স্বার্থে নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- ০১। পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃপঃ(কেঃঅঃ) পরিদপ্তর/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি দপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, কিশোরগঞ্জ।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস ১/২/৩
- ০৪। ডিজিএম, সদর/নান্দাইল/কটিয়াদী/হোসেনপুর জোনাল অফিস, কিশোরগঞ্জ পবিস।
- ০৫। এজিএম (অর্থ-হিসাব), কিশোরগঞ্জ পবিস।
- ০৬। জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি) কিশোরগঞ্জ পবিস, (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৭। নোটিশ বোর্ড/ অফিস/মাস্টার কপি/বিলকপি।

বহিঃবিভাগীয় অনুলিপিঃ- (বহুল প্রচারের স্বার্থে নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- ০১। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
- ০২। নির্বাহী প্রকৌশলী, এল জি ইডি কার্যালয়/সড়ক ও জনপথ, কিশোরগঞ্জ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার.....।


(মোঃ মনির উদ্দিন মজুমদার)
জেনারেল ম্যানেজার

